

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিষদ কার্যালয়  
(দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ)  
লাকসাম, কুমিল্লা

স্মারক নম্বর-৫১.০১.১৯৭২.০০০.৪১.০০৭.২১-২১৩

তারিখ : ২৮ ভাদ্র ১৪২৮  
১২ সেপ্টেম্বর ২০২১

বিষয় : ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম পর্যায় বরাদ্দপ্রাপ্ত নগদ অর্থ (টাকা), খাদ্যশস্য (চাল ও গম) উপ-বরাদ্দ প্রদান এবং বাস্তবায়নযোগ্য প্রকল্পের অগ্রাধিকার তালিকা দাখিল প্রসঙ্গে।

সূত্র : (ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১১.১৪.১৯৮.২১-৪০৮ তারিখঃ ০৬/০৯/২০২১খ্রি.।  
(খ) জেলাপ্রশাসক মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-৫১.০১.১৯০০.০২৫.৪১.০০৭.২১.৬৩২ তারিখঃ ১২/০৯/২০২১খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্র স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায় প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদওয়ারী ২৬,৯৩,৫৩৮.৫৩ (ছাব্বিশ লক্ষ তিরানব্বই হাজার পাঁচশত আটত্রিশ দশমিক পাঁচ তিন) টাকা, খাদ্যশস্য হিসাবে ৫৬,৯৯৪৫ (ছাপান্ন দশমিক নয় নয় চার পাঁচ) মে:টন চাল ও ৫৬,৯৯৪৫ (ছাপান্ন দশমিক নয় নয় চার পাঁচ) মে:টন গমের বরাদ্দ প্রদান করেছেন। উক্ত বরাদ্দকৃত টাকা ও খাদ্যশস্য হতে নীতিমালা অনুযায়ী ২০% সংরক্ষিত রেখে অবশিষ্ট টাকা ও খাদ্যশস্য ০৮টি ইউনিয়নের জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে নিম্নোক্ত হারে ইউনিয়ন ভিত্তিক উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	বরাদ্দকৃত টাকা	বরাদ্দকৃত চাল(মে:টন)	বরাদ্দকৃত গম(মে:টন)
০১	বাকই (দ:)	২,৫৪,৪৮৬/-	৫.৩৮৪৮	৫.৩৮৪৮
০২	মুদাফরগঞ্জ (উ:)	২,৫৬,৪৩৪/-	৫.৪২৬১	৫.৪২৬১
০৩	মুদাফরগঞ্জ (দ:)	২,৩৯,৫৯৬/-	৫.০৬৯৭	৫.০৬৯৭
০৪	কান্দিরপাড়	৩,৮১,৫৮৭/-	৮.০৭৪৩	৮.০৭৪৩
০৫	গোবিন্দপুর	২,৭২,৮২৪/-	৫.৭৭২৯	৫.৭৭২৯
০৬	উত্তরদা	২,৫৩,৩১১/-	৫.৩৬০০	৫.৩৬০০
০৭	আজগরা	২,৮৪,০৮২/-	৬.০১১১	৬.০১১১
০৮	লাকসামপূর্ব	২,১২,৫১০/-	৪.৪৯৬৬	৪.৪৯৬৬
	মোটঃ	২১,৫৪,৮৩০/-	৪৫.৫৯৫৫	৪৫.৫৯৫৫
	২০% সংরক্ষিত	৫,৩৮,৭০৮/-	১১.৩৯৯০	১১.৩৯৯০
	সর্বমোটঃ	২৬,৯৩,৫৩৮.৫৩	৫৬.৯৯৪৫	৫৬.৯৯৪৫

শর্তাবলী :-

- গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় প্রকল্প গ্রহণ, প্রনয়ণ, অনুমোদন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ সর্বশেষ জারীকৃত পরিপত্র পরিপূর্ণ ভাবে অনুসরণ পূর্বক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।
- ইউনিয়ন গ্রামীণ অবকাঠামো সংস্কার কমিটির সভার সিদ্ধান্ত ক্রমে প্রকল্প গ্রহণ করতে হবে।
- যেখানে মাটি সহজলভ্য হবে, সে স্থানে প্রকল্প গ্রহণ করতে হবে, প্রকল্পের আশে পাশে মাটি পাওয়া না গেলে প্রকল্প গ্রহণ করা যাবে না।
- সম্পূর্ণ নতুন প্রকল্প গ্রহণ করতে হলে জমির মালিকের লিখিত সম্মতি গ্রহণ করতে হবে।
- ব্যক্তি মালিকানাধীন সম্পদ উন্নয়নের জন্য কোন প্রকল্প গ্রহণ করা যাবে না।
- একটি প্রকল্পে সর্বনিম্ন বরাদ্দ হবে ২,০০,০০০/- টাকা। ৭.০০ মে:টন /গম তবে আয়তন ও জনসংখ্যার হারে কোন ইউনিয়নে উক্ত বরাদ্দের কম হলে সে পরিমাণ বরাদ্দকৃত টাকা অথবা খাদ্যশস্য দিয়ে প্রকল্প গ্রহণ করা যাবে।
- বরাদ্দকৃত টাকা/খাদ্যশস্যের মাধ্যমে পুকুর/খাল খনন/পুনঃ খনন/রাস্তা নির্মাণ/পুনঃ নির্মাণ/ রাস্তা কাম বাঁধ নির্মাণ/পুনঃ নির্মাণ বিভিন্ন ধর্মীয়/শিক্ষা/জনকল্যানমূলক প্রতিষ্ঠানের মাঠ ভরাট কাজের প্রকল্প গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, উল্লিখিত শর্তাবলী অনুযায়ী ইউনিয়ন গ্রামীণ অবকাঠামো সংস্কার কমিটির সভার সিদ্ধান্তক্রমে প্রকল্প গ্রহণ করে ইউনিয়ন কমিটির কার্যবিবরণীসহ ২০২১-২০২২ অর্থ বছরে ১ম পর্যায়ে বাস্তবায়নযোগ্য প্রকল্পের অগ্রাধিকার তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি আগামী ২০-৭-২০২১খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় দাখিলের জন্য অনুরোধ করা হলো।

প্রাপক : চেয়ারম্যান,

বাকই(দ:)/মুদাফরগঞ্জ(উ:)/মুদাফরগঞ্জ(দ:)/কান্দিরপাড়/গোবিন্দপুর/আজগরা/  
উত্তরদা/লাকসামপূর্ব ইউপি, লাকসাম, কুমিল্লা।

স্মারক নম্বর-৫১.০১.১৯৭২.০০০.৪১.০০৭.২১-২১৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- জেলাপ্রশাসক, কুমিল্লা।
- উপজেলা নিবাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুমিল্লা।
- অফিস কপি।

২৮/৯/২০২১  
(এডভোকেট মোঃ ইউনুছ ভূঁইয়া)  
চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
লাকসাম, কুমিল্লা।

তারিখ : ২৮ ভাদ্র ১৪২৮  
১২ সেপ্টেম্বর ২০২১

(এডভোকেট মোঃ ইউনুছ ভূঁইয়া)  
চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
লাকসাম, কুমিল্লা।